

বহুনির্বাচনি প্রশ্ন

১. কার জবানিতে “রেইনকোট” গল্পের অধিকাংশ ঘটনা বিবৃত হয়েছে?
 - ক. আবদুস সাত্তার মৃধা
 - খ. ড. আফাজ আহমদ
 - গ. আখতারুজ্জামান ইলিয়াস
 - ঘ. নুরুল হুদা
২. নুরুল হুদাকে পাকিস্তানি হানাদার বাহিনীর তলব করার কারণ—
 - ক. কমান্ডারের নির্দেশে
 - খ. প্রিন্সিপালের অভিযোগে
 - গ. মুক্তিযোদ্ধাদের সহযোগী ভেবে
 - ঘ. তাকে মুক্তিযোদ্ধা সন্দেহে

১৯৮

সাহিত্য পাঠ

অনুচ্ছেদটি পড়ে ৩ ও ৪ সংখ্যক প্রশ্নের উত্তর দাও।

মুক্তিযোদ্ধা! কথাটা এত ভারী যে এই রকম অত্যাচারী সৈন্য দিয়ে ঘেরা অবরুদ্ধ ঢাকা শহরে বসে মুক্তিযোদ্ধা শব্দটা শুনলেও কেমন যেন অবিশ্বাস্য মনে হয়। আবার ওই অবিশ্বাসের ভেতর থেকে একটা আশা, একটা ভরসার ভাব ধীরে ধীরে মনের কোণে জেগে উঠতে থাকে।

৩. অনুচ্ছেদে “রেইনকোট” গল্পের কোন ভাবের প্রতিফলন ঘটেছে?
 - ক. পাক হানাদার বাহিনীর নৃশংসতা
 - খ. মুক্তিযোদ্ধাদের অদম্য শক্তি-সাহস
 - গ. মুক্তিযোদ্ধাদের প্রতি গভীর আস্থা
 - ঘ. যুদ্ধকালীন অবরুদ্ধ মানুষের উৎকর্ষা
৪. উক্ত ভাবটি যে বাক্যে প্রকাশ পেয়েছে তা হলো—
 - ক. মিসক্রিয়ান লোগ ইলেকট্রি টেরানসফার্মার তোর দিয়া
 - খ. একটা জিপ উড়াইয়া দিছে, কমপক্ষে পাঁচটা খানসেনা খতম
 - গ. নুরুল হুদার ঝুলন্ত শরীর এতটাই কাঁপে যে চাবুকের বাড়ির দিকে আর মনোযোগ দেওয়া হয়ে ওঠে না
 - ঘ. বউয়ের এই ভাইটার জন্যই তাকে এক্সট্রা তটস্থ থাকতে হয়